

## মেধা ও নৈতিকতা বিকাশে সন্ত্রাস ও নকল বন্ধের বিকল্প নেই

-শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার ঃ শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক বলেছেন, সূষ্ঠ ও সুন্দর সমাজ গড়ার লক্ষ্যে মেধা ও নৈতিকতা বিকাশে সন্ত্রাস ও নকল বন্ধের বিকল্প নেই। তিনি গতকাল (মঙ্গলবার) ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে ইসলামী ছাত্রশিবির আয়োজিত 'জাতীয় শিক্ষামেলা-২০০২' অনুষ্ঠানে কতী ছাত্র-ছাত্রীদের মুখোমুখি হয়ে তাদের বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদানকালের এ কথা বলেন। শিক্ষামন্ত্রী ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলের ঘটনা প্রসঙ্গে বলেন, এ ধরনের দুঃখজনক ঘটনা যাতে না ঘটে সেজন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হবে। এ ঘটনার জন্য দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে। শিবির সভাপতি নূরুল ইসলাম বুলবুলের সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন বিশিষ্ট রাজনীতিবিদ জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারী জেনারেল মকবুল আহমেদ ও আব্দুর কাদের মোল্লা, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী অনুষদের ডীন প্রফেসর চৌধুরী মাহমুদ হাসান, শিবিরের সেক্রেটারী জেনারেল মজিবুর রহমান মঞ্জু প্রমুখ। শিক্ষামেলার উদ্বোধন করেন শহীদ আব্দুল মালেকের বড় ভাই ডাঃ আব্দুল খালেক।